দৈনিক ইত্তেফাক

5

তারিখ ... 08 SEP 1988
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6

# আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

(ইত্তেফাক রিপোর্ট)

আজ (শুক্রবার) ৮ই সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা ইউনেস্কোর আহ্বানে ১৯৬৭ সাল হইতে বিশ্বব্যাপী দিবসটি পালিত হইয়া আসিতেছে। (২য় পৃঃ দ্রঃ)

## আজ সাক্ষরতা দিবস

(১ম পৃঃ পর)

আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস উপলক্ষে প্রদত্ত এক বাণীতে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম শিক্ষিত জনগোষ্ঠীর প্রতি নিরক্ষতার অভিশাপ হইতে জাতিকে মুক্ত করার সম্মিলিত প্রয়াস গ্রহণের আহ্বান জানাইয়া বলেন, এবারের এই দিবস জনগণের মধ্যে নিরক্ষরতা বিরোধী চেতনা শানিত করুক।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে বিভিন্ন সংগঠন আজ নিম্নোক্ত কর্মসূচী গ্রহণ করিয়াছে।

বাংলাদেশ জাতীয় ইউনেস্কো ক্লাব এসোসিয়েশন : বিকাল ৪টায় জাতিসংঘ তথ্য কেন্দ্রে আলোচনা ও রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ অনুষ্ঠান।

শ্রমজীবী সমাজকল্যাণ সংসদ : সকাল ১০টায় সংসদ কার্যালয়ে, আলোচনা সভা।

ইন্টারন্যাশনাল টাস্ক ফোর্স অন লিটারেসী : সকাল ১০টায় আহছানিয়া মিশনে সেমিনার।

অতীশ দীপঙ্কর গবেষণা পরিষদ : বিকাল ৪টায় ১৬/এ, বঙ্গবন্ধু এভিনিউতে আলোচনাসভা।

লায়ন্স ক্লাব অব ঢাকা সেন্ট্রাল ও শ্রমজীবী সমাজকল্যাণ সংসদ : সকাল ১০ টায় ১৭, উত্তর শাহজাহানপুরে দুঃস্থ শিক্ষার্থীদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ।